



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৭৪৫৬

তারিখ : ০৪ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সুখদেব ফাজিল মাদরাসা, ডাকঘর : ডাংরারহাট, উপজেলা : রাজারহাট, জেলা : কুড়িগ্রাম এর ফাজিল (স্নাতক) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৩.০১.২০১৯ খ্রি. তারিখের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রিঃ তারিখ থেকে ৩০.০৬.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. শ্রেণি কক্ষে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি ও উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং পরীক্ষায় শিক্ষার্থীর সন্তোষজনক সিঁজিপিএ অর্জনে পড়ালেখার গুণগতমান বাড়াতে হবে।
২. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সহ সংশ্লিষ্ট দফতরের নোটিশগুলো মাদরাসা নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।
৩. শিক্ষার্থীদের আইসিটি ক্লাস এবং আরবি ভাষার দক্ষতা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে ও নিয়মিত ক্যাশবই হালনাগাদ রাখতে হবে।
৫. এডহক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ ও রিপোর্ট সংরক্ষণ করতে হবে।
৬. লাইব্রেরী পরিষ্কার পরিচ্ছন্ন করে রেফারেন্স বইসহ আরো যুগোপযোগী বই দিয়ে সমৃদ্ধ করে নিয়মিত শিক্ষক-শিক্ষার্থীদের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৭. শিক্ষক ছুটি রেজিস্টার তৈরি করে সকল শিক্ষকগণের ছুটির অনুমোদন ও সংরক্ষণ করতে হবে।
৮. মাদরাসার অফিস সহকারী কে তার দাপ্তরিক কাজের জন্য তৎপর হতে হবে।
৯. শ্রেণি কক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান করতে হবে।
১০. শিক্ষা সহায়ক কার্যক্রম যেমন-সাংস্কৃতিক প্রতিযোগিতা, বিতর্ক, খেলাধুলা অনুষ্ঠানের নিয়মিত আয়োজন করতে হবে।
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

অধ্যক্ষ,
সুখদেব ফাজিল মাদরাসা,
ডাকঘর : ডাংরারহাট, উপজেলা : রাজারহাট, জেলা : কুড়িগ্রাম।

Dmd 19.12.19

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল : ০১৭১৪-২০২০৬৬

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৭৪৫৬

তারিখ : ০৪ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, সুখদেব ফাজিল মাদরাসা, ডাকঘর : ডাংরারহাট, উপজেলা : রাজারহাট, জেলা : কুড়িগ্রাম।

Sabbir
19.12.19

(মোঃ আবদুল হান্নান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল : ০১৮৪২-৮১৬৯২০